

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৪৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২২. দ্বিতীয় অনুচ্ছেদ - ভালো কাজের আদেশ

আরবী

ولبعض فقره شواهد)

وَعَن أَبِي ثعلبةَ فِي قَوْلُهُ تَعَالَى: (عَلَيْكُمْ أَنْفُسَكُمْ لَا يَضُرُّكُمْ مَنْ ضِل إِذَا اهْتَدَيْتُمْ) فَقَالَ: أَمَا وَاللَّهِ لَقَدْ سَأَلْتُ عَنْهَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: بَلِ الْتَمَرُوا فَقَالَ: بَلِ الْتَمَرُوا بِالْمَعْرُوفِ وَتَنَاهَوْا عَنِ الْمُنْكَرِ حَتَّى إِذَا رأيتَ شُحَّا مُطاعاً وَهوى مُتَّبَعاً ودينا مُوْثَرَةً بِالْمَعْرُوفِ وَتَنَاهَوْ وَيَناهَوْ عَنِ الْمُنْكَرِ حَتَّى إِذَا رأيتَ شُحَّا مُطاعاً وَهوى مُتَّبَعاً ودينا مُوْثَرَةً وَإِعْجَابَ كُلِّ ذِي رَأْيِهِ وَرَأَيْتَ أَمْرًا لَا بُدَّ لَكَ مِنْهُ فَعَلَيْكَ نَفْسَكَ وَدَعْ أَمْرَ الْعَوَامِ فَإِنَّ وَإِعْجَابَ كُلِّ ذِي رَأْيِهِ وَرَأَيْتَ أَمْرًا لَا بُدَّ لَكَ مِنْهُ فَعَلَيْكَ نَفْسَكَ وَدَعْ أَمْرَ الْعَوَامِ فَإِنَّ وَرَاءَكُمْ أَيَّامَ الصَبْرِ فَمَنْ صَبَرَ فِيهِنَّ قَبَضَ عَلَى الْجَمْرِ لِلْعَامِلِ فِيهِنَّ أَجْرُ خَمْسِينَ مِنْكُمْ » . رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْن مَاجَه وَالْن هَاجَهُ وَلَان هَالَدَ «أَجْرُ خَمْسِينَ مِنْكُمْ» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْن مَاجَه

বাংলা

৫১৪৪-[৮] আবৃ সা'লাবাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি আল্লাহ তা'আলার এ বাণী- مَلُوْ كُمْ مَنْ সম্পর্কে বলেনঃ আল্লাহর কসম! আমি এ আয়াত সম্বন্ধে রস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করেছি (অর্থাৎ- এ আয়াত অনুযায়ী সৎকাজের আদেশ এবং অসৎকাজের নিষেধ করা থেকে বিরত থাকব কি-না)। রস্লু সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ''না''; বরং ঐ পর্যন্ত চালু রাখো, যখন তোমরা দেখবে, কৃপণের অনুসরণ করা হয়, প্রবৃত্তির পূজা করা হয়, ইহকালকে পরকালের উপর প্রাধান্য দেয়া হয় এবং প্রত্যেক জ্ঞানী ব্যক্তি নিজের মতকে পছন্দনীয় বলে মনে করে। তুমি এমন কাজ দেখবে, যা থেকে তুমি এড়িয়ে চলতে পারবে না। তখন তুমি নিজেকেই নিজে রক্ষা করো এবং জনগণকে তাদের অবস্থার উপর ছেড়ে দাও। কারণ তোমাদের ভবিষ্যংযুগ এমন হবে, তোমাকে শুধু ধৈর্যধারণ করতে হবে এবং এমতাবস্থায় যে ব্যক্তি ধর্মেধারণ করবে, তার অবস্থা এরূপ হবে, যেন সে নিজের হাতে নিজে অঙ্গার উঠিয়ে নিয়েছে। সে সময় যে ব্যক্তি ধর্মেরারণ করবে, তার অবস্থা এরপ হবে, যেন সে নিজের হাতে নিজে অঙ্গার সঠিয়ে নিয়েছে। সে সময় যে ব্যক্তি ধর্মের কাজে 'আমল করবে, সে পঞ্চাশজন লোকের 'আমল করার সাওয়াব পাবে। জনৈক সাহাবী জিজ্ঞেস করলেনঃ হে আল্লাহর রসূল! সে যামানারই পঞ্চাশজন লোকের 'আমলে সাওয়াবের সমান হবে? রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ না, তোমাদের যামানার পঞ্চাশজনের 'আমলের সাওয়াবের সমান হবে। (তিরমিযী ও ইবনু মাজাহ)[1]



ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৪৩৪১, তিরমিয়ী ১৪, ইবনু মাজাহ ৪০১৪, সহীহ ইবনু হিব্বান ১৮৫০, হিদায়াতুর্ রুওয়াত ৪/৪৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (عَلَيْكُمْ أَنْفُسَكُمْ) উল্লেখিত আয়াতাংশের ব্যাখ্যায় ইমাম বায়যাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ আয়াতাংশের অর্থ হলো তোমরা নিজেরদেরকে বিপদাপদ ও অন্যায় অশ্লীলতা থেকে হিফাযাত কর এবং কৃত অন্যায় অপরাধ থেকে সংশোধন কর।

(بَلِ الْتَمَرُوا بِالْمَعْرُوفِ وَتَنَاهَوْا عَنِ الْمُنْكَرِ) বর্ণিত হাদীসাংশের অর্থ হলো তোমরা একে অন্যকে সংকাজের আদেশ কর আর এক দল অন্যদলকে মন্দ কাজে থেকে নিষেধ কর।

ইমাম ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ তোমরা এ দু'টো বিষয়কে (সৎকাজের আদেশ আর মন্দ কাজের নিষেধ) পরিপূর্ণরূপে উত্তম পদ্ধতিতে বাস্তবায়ন কর। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'লাবাহ আল খুশানী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন